

উপস্থিত সদস্য গনের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ৩০/১১/২০২১খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্য বৃন্দকে জানান যে, পবিত্র মাহে রমজান আগামী ০৩/০৪/২০২২ইং তারিখ শুরু হবে ইনশাআল্লাহ। সে আলোকে মাহে রমজান মাসে ব্যবহৃত বিভিন্ন দ্রব্যমূল্যের দাম যাতে বৃদ্ধি না পায় এবং জনগন তথা ক্রেতাদের ক্রয় ক্ষমতার মধ্যে থাকে সে লক্ষ্যে রমজান মাস থেকে প্রত্যহ সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত এবং বিকেল ৪.০০ ঘটিকা হতে সন্ধ্যা ৬.০০ ঘটিকা পর্যন্ত বিশেষ করে মাছ, মাংস, সবজি, পেয়াজ, কাঁচা মরিচ এর বাজার মূল্য নিয়ন্ত্রন রাখার লক্ষ্যে মেহেরপুর বড় বাজার ও হোটেল বাজার এর ব্যবসায়ীগন ক্রেতাদের সাথে অধিক মূল্য নিতে না পারে সে আলোকে উক্ত কাঁচা বাজার ০২টি মনিটরিং করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর স্যানিটারী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভাকে উলেখিত সময়সূচী অনুযায়ী বাজার ০২টি মনিটরিং করার জন্য দায়িত্ব অর্পন করা হলো।

জনাব হামিদা সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, পবিত্র মাহে রমজান আগামী ০৩/০৪/২০২২ইং তারিখ মাহে রমজান শুরু হতে পারে। সে আলোকে রমজান মাস শুরু থেকে পৌর সাউন্ড সিস্টেমের মাধ্যমে সকল ব্যবসায়ীগনকে অবগত করাতে হবে যে, তারা যেন রোজাদার গনের নিকট কোন ভেজাল খাবার বিক্রয় না করে। তার পরেও যদি কোন অসাধুব্যবসায়ী বিক্রয় করে তাহলে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনাতে স্যানিটারী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভাকে বিশেষ করে রমজান মাসে সপ্তাহে দুইদিন ভ্রাম্যমান আদালত পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য দায়িত্ব অর্পন করা হলো।

জনাব মোঃ সোহেল রানা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা সভায় আরও জানান যে, রমজান মাসে রেস্টুরেন্ট বা খাবার হোটেল গুলো রমজানের পবিত্র রক্ষার্থে কালো পর্দা টাঙ্গিয়ে রাখতে হবে। এ বিষয়েও পৌর সাউন্ড সিস্টেম এর মাধ্যমে প্রত্যেকদিন দুইবার প্রচার অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে প্রচারের লক্ষ্যে শফিউদ্দিনের উপর দায়িত্ব অর্পন করা হলো।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rakia
22.11.22

(মোঃ শাকিল রাকী)

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

১। মেয়র, মেহেরপুর পৌরসভা।

২। জনাব হামিদা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

২। জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

৪। জনাব মোঃ সোহেল রানা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

D:\2022 ALL\AO ALL\Ovijog ; Aiyen sringkhola\bazar mollu.doc

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।



পরিশিষ্ট 'ক'

সভার তারিখঃ ২২/০৩/২০২২খ্রিঃ

সময়ঃ ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নামঃ	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা।	
০২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	হামিদা ২২/৩/২২
০৩	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	শিউলী ২২/৩/২২
০৪	জনাব মোঃ সোহেল রানা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	 ২২/৩/২২